

ইউসুফের দো'আ

এভাবে ইউসুফের শৈশবকালীন স্বপ্ন যখন স্বার্থক হ'ল, তখন তিনি কৃতজ্ঞ চিত্তে আল্লাহর নিকটে প্রাণভরে দো'আ করেন নিম্নোক্ত ভাষায়-

رَبِّ قَدْ آتَيْتَنِي مِنَ الْمُلْكِ وَعَلَّمْتَنِي مِنْ تَأْوِيلِ الْأَحَادِيثِ فَاطِرَ
السَّمَاوَاتِ وَالْأَرْضِ أَنْتَ وَلِيِّي فِي الدُّنْيَا وَالْآخِرَةِ تَوَفَّنِي مُسْلِمًا
(-١٠١ وَالْحَقْنِي بِالصَّالِحِينَ- يوسف)

'হে আমার পালনকর্তা! আপনি আমাকে রাষ্ট্রক্ষমতা দান করেছেন এবং আমাকে (স্বপ্নব্যাখ্যা সহ) বাণীসমূহের নিগুঢ় তত্ত্ব ব্যাখ্যা দানের শিক্ষা প্রদান করেছেন। নভোমন্ডল ও ভূমন্ডলের হে সৃষ্টিকর্তা! আপনিই আমার কার্যনির্বাহী দুনিয়া ও

আখেৰাতে। আপনি আমাকে 'মুসলিম' হিসাবে
মৃত্যু দান করুন এবং আমাকে সংকর্মশীলদের
সাথে মিলিত করুন' (ইউসুফ ১২/১০১)।

ইউসুফের উক্ত দো'আর মধ্যে যুগে যুগে সকল
আল্লাহভীরু মযলূমের হৃদয় উৎসারিত প্রার্থনা ফুটে
বেরিয়েছে। সকল অবস্থায় আল্লাহর উপরে
ভরসাকারী ও সমর্পিত চিত্ত ব্যক্তির জন্য ইউসুফ
(আঃ)-এর জীবনী নিঃসন্দেহে একটি অনন্য
সাধারণ প্রেরণাদায়ক দৃষ্টান্ত।